তারিখ 6 JAN 2003
পৃষ্ঠা ... কলাম ...

যুগান্তর

## শিক্ষক-কর্মচারীদের ডিসেম্বর মাসের বেতন ভাতার চেক হস্তান্তর

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও মাদ্রাসা) এবং কারিগরি বেসরকারি এসএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষক-কর্মচারীদের ডিসেম্বর মাসের বেতন-ভাতার সরকারি অংশ বাবদ টাকার ২০টি চেক ৪ জানুয়ারি অনুদান বণ্টনকারী জনতা, অগ্রণী, রূপালী এবং সোনালী ব্যাংকের প্রধান কার্যালয়ে হস্তান্তর করা হয়েছে। আগামী ১৫ জানুয়ারির মধ্যে সংশ্লিষ্ট শাখা ব্যাংক থেকে শিক্ষক-কর্মচারীদের ব্যক্তিগত ব্যাংক একাউন্ট. নম্বরের মাধ্যমে বেতন-ভাতার সরকারি অংশ উত্তোলন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রদানকে অনুরোধ করা হয়েছে।

যেসব শিক্ষা প্রতিষ্ঠান বা শিক্ষক-কর্মচারী চলতি অর্থবছরের (২০০২-২০০৩) বকেয়া টাকা নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলন করতে পারেননি তারাও ব্যক্তিগত ব্যাংক একাউন্টের মাধ্যমে ওই সময়ের টাকা এর সঙ্গে উত্তোলন করতে পারবেন। তথ্য বিবরণী।